তারিখ 19 OCT 2016
পৃষ্ঠা ২ কলাম ৭

দৈনিক জনকণ্ঠ

# ভোট ও নির্বাচন পদ্ধতি বিষয়ে শিক্ষার্থীদের জানাতে চায় ইসি

**স্টাফ রিপোর্টার ॥** গণতন্ত্র, ভোট, ভোটাধিকার ও নির্বাচন পদ্ধতি সম্পর্কে শিক্ষার্থীদের সম্যক ধারণা দিতে চায় নির্বাচন কমিশন। বিষয়গুলো পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত করারও সিদ্ধান্ত নিয়েছে তারা। ইসি সূত্রে জানা গেছে, ষষ্ঠ থেকে দশম শ্রেণী পর্যন্ত পাঠ্যপুস্তকে নির্বাচনী তথ্য অন্তর্ভুক্ত করার জন্য কমিশনের পক্ষ থেকে একটি কমিটি গঠন করা হয়েছে। সংশ্লিষ্ট কমিটি নির্বাচন, গণতন্ত্রসহ পাঠ্যের অন্তর্ভুক্ত বিষয়গুলো বাছাই করবে। পরে সেসব বিষয় নিয়ে কমিটির প্রতিবেদন ইসিতে আলোচনার জন্য উপস্থাপন করা হবে। কমিশনের অনুমোদন পেলে তা পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত করা জন্য ইসির পক্ষ থেকে শিক্ষা মন্ত্রণালয়ে সুপারিশ পাঠানো হবে বলে জানা গেছে। শিক্ষা মন্ত্রণালয় তা অনুমোদন দিলেই পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত হতে পারে।

ইসি সূত্রে জানা গেছে, এ বিষয়ে ইসির নির্বাচন ব্যবস্থাপনা শাখার উপসচিব ফরহাদ আহাম্মদ খানকে আহ্বায়ক, জ্যেষ্ঠ সহকারী সচিব মোঃ ফরহাদ হোসেনকে সদস্য সচিব করে চার সদস্যের এই কমিটি করা হয়। এই কমিটি নির্বাচন পদ্ধতির বিষয়ে শিক্ষার্থীদের সম্যক ধারণা দিতে ইতোমধ্যে কাজ শুরু করেছেন। এ সংক্রান্ত গঠিত কমিটির কমিটির কর্মপরিধির বিষয়ে বলা হয়েছে প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক, শিক্ষকদের বুনিয়াদি কোর্স এবং শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটের কারিকুলামে নির্বাচনী তথ্য সংক্রান্ত বিভিন্ন বিষয় অন্তর্ভুক্তির সুপারিশসহ তিন ধরনের দায়িত্ব পালন করবে। বিশেষ করে ছাত্র-ছাত্রীদের পাঠ্যবইয়ে 'স্তর অনুসারে' নির্বাচন সংক্রান্ত তথ্য অন্তর্ভুক্ত করা, আগে থেকেই পাঠ্যপুস্তকে এসব বিষয় থাকলে তা হালনাগাদ করা এবং ইসির অনুমোদন নিয়ে সেসব সুপারিশ শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানোর দায়িত্ব দেয়া হয়েছে কমিটিকে।

ইসির গঠিত পাঠ্যপুস্তক ও শিক্ষকদের বুনিয়াদী প্রশিক্ষণ কোর্সে নির্বাচনী তথ্য অন্তর্ভুক্তকরণ সংক্রান্ত কমিটির সদস্য সচিব ইসির জ্যেষ্ঠ সহকারী সচিব ফরহাদ হোসেন বলেন, ১৯৯৭ সাল থেকেই বিভিন্ন শিক্ষক প্রশিক্ষণ কোর্স ও শিক্ষার্থীদের পাঠ্যবইয়ে নির্বাচনী তথ্য অন্তর্ভুক্ত করা হচ্ছে। এখন পরিসর বাড়িয়ে তা আরও যুগোপযোগী করা হচ্ছে।' সংশ্লিষ্ট মন্ত্রণালয়, দফতরের পরামর্শ মেনেই প্রয়োজনীয় সুপারিশ চূড়ান্ত করা হচ্ছে উল্লেখ করেন।

কমিটি সূত্রে জানা গেছে ইতোমধ্যে তারা এ সংক্রান্ত একটি খসড়া প্রতিবেদন চূড়ান্ত করেছেন। সেখানে তারা পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত করার জন্য কিছু বিষয়ও প্রস্তাব করেছেন। এসব প্রস্তাবনার মধ্যে রয়েছে ষষ্ঠ শ্রেণীর নতুন অধ্যায়ে ভোটাধিকার, নির্বাচন, নির্বাচন কমিশনের গঠন ও কাজ নিয়ে নতুন বিষয় যুক্ত করা এবং সপ্তম শ্রেণীতে নির্বাচনের গুরুত্ব ও বিভিন্ন ধরনের নির্বাচন পদ্ধতি সম্পর্কে তথ্য যোগ করার প্রস্তাবের খসড়া চূড়ান্ত করা হয়েছে। এছাড়া নবম ও দশম শ্রেণীর জন্য 'বাংলাদেশ ও বিশ্ব পরিচয়' বইয়ের 'বাংলাদেশের গণতন্ত্র ও নির্বাচন' এবং নবম-দশম শ্রেণীর পৌরনীতি ও নাগরিকতা বইয়ের 'রাজনৈতিক দল ও নির্বাচন' অধ্যায়ের কিছু তথ্য সংযোজন-বিয়োজনের প্রস্তাব করা হয়েছে কমিটির পক্ষ থেকে। ইসি কর্মকর্তারা বলছেন নিম্ন মাধ্যমিক পর্যায়ে আগে থেকেই কয়েকটি শ্রেণীর পাঠ্যপুস্তকে বর্তমানে নির্বাচনী তথ্য রয়েছে। প্রশিক্ষণ একাডেমিতেও এ সংক্রান্ত কোর্স রয়েছে। তাতে স্থানীয় সরকার ও সংসদ নির্বাচন নিয়ে হালনাগাদ তথ্য অন্তর্ভুক্ত করা হবে। ইসি কর্মকর্তারা জানান, 'বাংলাদেশ ও বিশ্ব পরিচয়' বিষয়ে পঞ্চম শ্রেণীর বইয়ে 'আমাদের দায়িত্ব ও কর্তব্য' এবং অষ্টম শ্রেণীর 'বাংলাদেশের রাষ্ট্র ও সরকার ব্যবস্থা' অধ্যায়ে কিছু তথ্য পরিবর্তন করার প্রস্তাব করা হয়েছে। ষষ্ঠ শ্রেণীতে ভোটাধিকার ও নির্বাচন এবং সপ্তম শ্রেণীতে 'বাংলাদেশের নির্বাচন ব্যবস্থা' নামে নতুন অধ্যায় যোগ করার বিষয়ে ভাবা হচ্ছে।

তারা বলেন, পঞ্চম থেকে দশম শ্রেণীর পাঠ্যপুস্তকে ভোট ও ভোটাধিকারের 'নির্বাচনী তথ্য' ও নতুন অধ্যায় রাখার সুপারিশ করছে এ সংক্রান্ত গঠিত কমিটি। তাদের সুপারিশকৃত খসড়া কমিশনের

## স্কুলের পাঠ্যসূচীতে অন্তর্ভুক্ত করার উদ্যোগ

বৈঠকে উপস্থাপন করা হবে। নির্বাচন কমিশনের অনুমোদন পেলে তা শিক্ষা মন্ত্রণালয়ের বিবেচনার জন্য পাঠানো হবে। তারা বলেন, মূলত যেসব শ্রেণীর পাঠ্যপুস্তকে এসব বিষয় নেই সেগুলোতে নতুন করে তথ্য সংযোজন করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। যেসব শ্রেণীতে পাঠ্য বইয়ে ইতোমধ্যে বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে সেগুলোর সঙ্গে নতুন তথ্য যোগ করার চিন্তা ভাবনা করা হচ্ছে।

এ বিষয়ে ইসির সিনিয়র সহকারী সচিব মোঃ ফরহাদ হোসেন বলেন, এ বিষয়ে বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের কাছে মতামত চাওয়া হবে। তাদের মতামতে ভিত্তিতে একটি খসড়া প্রস্তাব কমিশনের অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। কমিশন অনুমোদন দিলে তা শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হবে।